

“ চতুর্থ শিল্পবিপ্লব সম্পর্কিত কারিগরি বিষয়ে প্রশিক্ষণ কর্মসূচী ”


বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক) শিল্প মন্ত্রণালয়ের একটি সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি দেশে উন্নত কারিগরি বিষয়ে দক্ষতাসম্পন্ন জনশক্তি সৃষ্টির লক্ষ্যে উচ্চ মানসম্পন্ন প্রশিক্ষণ প্রদান করে থাকে। প্রশিক্ষণের জন্য বিটাকে রয়েছে পর্যাপ্ত সংখ্যক সুদক্ষ প্রশিক্ষক এবং আধুনিক যন্ত্রপাতিসমৃদ্ধ ওয়ার্কসপ। প্রশিক্ষার্থীরা এখানে তাত্ত্বিক জ্ঞানের পাশাপাশি নিজ হাতে কলমে কাজ করে দক্ষতা ও অভিজ্ঞতা অর্জন করে থাকেন। বিটাক হতে প্রশিক্ষিত জনবলের দেশে ও বিদেশে ব্যাপক চাহিদা রয়েছে। চতুর্থ শিল্পবিপ্লব (4IR) সম্পর্কিত আধুনিক ও স্মার্ট প্রযুক্তিতে দক্ষ জনশক্তির চাহিদা পূরণের লক্ষ্যে আগামী ১০-১০-২০২২ ইং তারিখ হতে বিটাক, ঢাকা কেন্দ্রে নিম্নে উল্লিখিত ০৩টি ট্রেডসমূহে ০৪ সপ্তাহব্যাপী (১৪০ ঘন্টা) এবং ১টি ট্রেডে ০৩ সপ্তাহব্যাপী (৯০ ঘন্টা) কারিগরি বিষয়ে প্রশিক্ষণ কোর্স শুরু করা হবে।

ক্র: নং	ট্রেডের নাম	আসন সংখ্যা	প্রশিক্ষণ ফি	কোর্সের মেয়াদ
০১	কম্পিউটার এইডেড ইঞ্জিনিয়ারিং (Computer Aided Engineering)	০৫ জন	৭,৫০০/-	০৪ সপ্তাহ (১০-১০-২০২২ ইং হতে ০৬-১১-২০২২ ইং পর্যন্ত)
০২	ক্লাউড বেসড সিএনসি মেশিনিং সেন্টার অপারেশন (Cloud Based CNC Machining Center Operation)	০৫ জন	৭,৫০০/-	
০৩	থ্রিডি প্রিন্টিং (3D Printing)	০৫ জন	৫,০০০/-	
০৪	ইলেকট্রিক্যাল এনার্জি মনিটরিং সিস্টেম (Electrical Energy Monitoring System)	০৫ জন	৫,০০০/-	০৩ সপ্তাহ (১০-১০-২০২২ ইং হতে ২৬-১০-২০২২ ইং পর্যন্ত)

প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যাদি

- ক) শিক্ষাগত যোগ্যতা : ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং/এইচএসসি (ভোকেশনাল)/এসএসসি (ভোকেশনাল)/টিটিসি/কারিগরি কাজের অভিজ্ঞতাসহ এসএসসি বা সমমানের শিক্ষাগত যোগ্যতা। সরকারী/আখাসরকারী/স্বায়ত্বশাসিত এবং ব্যক্তিমালিকানাধীন প্রতিষ্ঠানের প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।
- খ) লাইব্রেরী সুবিধা : বিটাকে কারিগরি বিষয় সম্বন্ধীয় বই, জার্নাল সমৃদ্ধ একটি লাইব্রেরী আছে যা প্রশিক্ষণকালে প্রশিক্ষার্থীগণ ব্যবহার করতে পারবেন।
- গ) আবেদন করার শেষ তারিখ : ০৬-১০-২০২২ ইং। (“আগে আসলে আগে পাবেন” ভিত্তিতে রেজিস্ট্রেশন করা হবে)
- ঘ) ক্লাসের সময়সূচী : সাপ্তাহিক ছুটির দিন ব্যতিত প্রতিদিন সকাল ৮:০০ থেকে দুপুর ৩:০০ পর্যন্ত।

আগ্রহী প্রার্থীগণকে ভর্তি ফরম সংগ্রহের জন্যে প্রশিক্ষণ শাখায় যোগাযোগ করতে অনুরোধ করা যাচ্ছে অথবা ভর্তি ফরম ফেইসবুকঃ <https://www.facebook.com/bitachq> এবং ওয়েব সাইটঃ www.bitac.gov.bd থেকে ডাউনলোড করা যাবে (আবেদনপত্র ডাকযোগে পাঠানো যাবে)। এ ব্যতিত আগ্রহী প্রার্থীগণ অনলাইনে আবেদন করতে পারবেন (অনলাইন আবেদন লিংকঃ bitac.nise.gov.bd/courses)।


১১.১০.২০২২

মোঃ আবু সাঈদ খান

পরিচালক (প্রশিক্ষণ)

ফোন: +৮৮-০২-৫৫০৩০০৫৬

ই-মেইলঃ trainingdhaka@bitac.gov.bd